



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড  
(প্রশাসন-১ শাখা)



মেট্রোরেল ভবন, লেভেল-০৫, এমআরটি লাইন-৬ ডিপো  
সোনারগাঁও জনপথ, সেক্টর ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০  
[www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০০১.০৬.০০১.২০- ১১০

তারিখঃ ১৮ ফাল্গুন ১৪৩২  
০৩ মার্চ ২০২৬

### অফিস আদেশ

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর আওতাধীন প্রকল্পে কর্মরত কর্মচারীদের পক্ষ থেকে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর চাকরি প্রবিধানমালা-২০২৫ সম্পর্কে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে রিট পিটিশন নং- ২০৯৬/২০২৬ দায়ের করা হয়েছে। উক্ত রিট পিটিশন আবেদনে সংযুক্তি হিসেবে ডিএমটিসিএল এর পরিচালনা পর্ষদের ৬৭তম, ৬৯তম, ৭০তম এবং ৭৩তম সভার কার্যবিবরণী (Meeting Minutes), ডিএমটিসিএল-এর খসড়া চাকরী প্রবিধানমালা, তফসিল ও সংশ্লিষ্ট বিভিন্ন অফিস আদেশের কপি প্রদান করা হয়েছে। ডিএমটিসিএল-এর বোর্ড সভার কার্যবিবরণীতে স্পর্শকাতর বিভিন্ন বিষয় অর্ন্তভুক্ত থাকে যা বিনা অনুমতিতে কাউকে প্রদান বা প্রকাশ করা সরকারি গোপন আইন, ১৯২৩ (Official Secrets Act, 1923) ও সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

০২। এমতাবস্থায়, ডিএমটিসিএল এর পরিচালনা পর্ষদের ৬৭তম, ৬৯তম, ৭০তম এবং ৭৩তম সভার কার্যবিবরণী (Meeting Minutes), ডিএমটিসিএল-এর খসড়া চাকরী প্রবিধানমালা, তফসিল ও সংশ্লিষ্ট বিভিন্ন অফিস আদেশের কপি বিনা অনুমতিতে অফিসের বাহিরে প্রদান করা বা কোন পক্ষের নিকট হস্তান্তরের বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণের নিমিত্ত তদন্ত কার্য পরিচালনার জন্য নিম্নোক্তভাবে তদন্ত কমিটি গঠন করা হলো।

ক্র.নং	কর্মকর্তার নাম ও পদবী	কমিটিতে পদ
১.	ড. মোঃ মিজানুর রহমান (যুগ্মসচিব) অধ্যক্ষ, এমআরটি ট্রেনিং সেন্টার (অতিরিক্ত দায়িত্ব) ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড	আহ্বায়ক
২.	জনাব মোসাঃ মৌসুমী হাবিব (উপসচিব) মহাব্যবস্থাপক (স্টোর ও প্রকিউরমেন্ট) (অতিরিক্ত দায়িত্ব) ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড	সদস্য
৩.	জনাব রায়হান আহমেদ (উপসচিব) ব্যবস্থাপক (এস্টেট এন্ড লিগ্যাল) (অতিরিক্ত দায়িত্ব) ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড	সদস্য সচিব

#### কমিটির কার্যপরিধি:

- ডিএমটিসিএল এর পরিচালনা পর্ষদের ৬৭তম, ৬৯তম, ৭০তম এবং ৭৩তম সভার কার্যবিবরণী (Meeting Minutes), ডিএমটিসিএল-এর খসড়া চাকরী প্রবিধানমালা, তফসিল ও সংশ্লিষ্ট বিভিন্ন অফিস আদেশের কপিসহ দাপ্তরিক দলিলাদি ফাঁস হওয়ার কারণ অনুসন্ধান ও দায়-দায়িত্ব নির্ধারণ।
- দায়িত্ব ব্যক্তি/ব্যক্তিদের বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া যায় সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান।
- ভবিষ্যতে এধরনের কার্যক্রম প্রতিরোধে করণীয় নির্ধারণ।
- কমিটি ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল বরাবর প্রতিবেদন দাখিল করবেন।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৩। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(এ, কে, এম, খায়রুল আলম)

পরিচালক (প্রশাসন)

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

ই-মেইল: [directoradmin@dmtcl.gov.bd](mailto:directoradmin@dmtcl.gov.bd)

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০০১.০৬.০০১.২০-১১০ (১০)

তারিখঃ ১৮ ফাল্গুন ১৪৩২  
০৩ মার্চ ২০২৬

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রকল্প পরিচালক (এমআরটি লাইন-১/এমআরটি লাইন-৫:সাউদার্ন রুট), ডিএমটিসিএল।
২. পরিচালক (সকল), ডিএমটিসিএল।
৩. কোম্পানি সচিব, ডিএমটিসিএল।
৪. মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), ডিএমটিসিএল।
৫. ড. মোঃ মিজানুর রহমান, (যুগ্মসচিব) অধ্যক্ষ, এমআরটি ট্রেনিং সেন্টার (অতিরিক্ত দায়িত্ব), ডিএমটিসিএল।
৬. জনাব মোসাঃ মৌসুমী হাবিব, (উপসচিব) মহাব্যবস্থাপক (স্টোর ও প্রকিউরমেন্ট) (অতিরিক্ত দায়িত্ব), ডিএমটিসিএল।
৭. জনাব রায়হান আহমেদ, (উপসচিব) ব্যবস্থাপক (এস্টেট এন্ড লিগ্যাল) (অতিরিক্ত দায়িত্ব), ডিএমটিসিএল।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, ডিএমটিসিএল (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অফিস কপি/মাস্টার কপি।



  
(এ, কে, এম, খায়রুল আলম)

পরিচালক (প্রশাসন)

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড